নিজামীর গ্রামে ফাঁসির খবর জানতে টিভির সামনে ভিড়

নিউজ ডেস্ক: সলঙ্গী মোড়ের
বটতলা। সেখানে এরশাদ আলীর রয়েছে
একটি মুদি দোকান। সেই দোকান
ঘিরে ভিড়। শিশু-কিশোর, তরুণ,
যুবক, বৃদ্ধ সবাই দোকানের
ভেতরমুখী হয়ে বসে। কাছে গিয়ে দেখা
গেলো, দোকানের ভেতর একটি
টেলিভিশন চলছে।

একাত্তরে মানবতাবিরোধী অপরাধের দায়ে মৃত্যুদণ্ডপ্রাপ্ত জামায়াতের আমির মতিউর রহমান নিজামীর ফাঁসির রায় কার্যকরের খবর দেখতেই এ জটলা। দোকানিকে অনুরোধ করে বিভিন্ন চ্যানেলের খবর দেখতে মহাব্যস্ত সবাই।

মঙ্গলবার (১০ মে) বিকেলে সাঁথিয়া উপজেলার ধোপাদহ ইউনিয়নের মন্মথপুর গ্রামের সলঙ্গী মোড় বটতলার অবস্থা ছিলো এমন।

কথা হয় বৃদ্ধ হাসান আলী, আব্দুল মান্নান, আলিমুদ্দিন, আব্দুল জলিলসহ একাধিক ব্যক্তির সঙ্গে।

তারা বলেন, এই যুদ্ধাপরাধীর ফাঁসির রায় কীভাবে কখন কার্যকর করা হবে- তা জানতে আমরা টিভির খবর দেখছি। এছাড়া তার মরদেহ মন্মথপুর গ্রামে আনা হবে কি-না, এখানে দাফন করা হবে কি-না, মরদেহ আনলে কখন নিয়ে আসা হবে- এসব জানতেই বসে আছি।